

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০৬৬.০১.২৮১.১৭-৮৮

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮

২৩ আগস্ট ২০২১

বিষয়: ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন শাহ হাবীব আলিম মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের ১ (এ) অনুচ্ছেদে বর্ণিত ডিআইএ কর্তৃক আপত্তি বিষয়ে টিএমইডি এর সিদ্ধান্ত বাস্তবায়ন করে এর প্রমাণক টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.২৮১.১৭.৩৮৪ তারিখ: ০২.১২.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন শাহ হাবীব আলিম মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের ১ (এ) অনুচ্ছেদে বর্ণিত ডিআইএ কর্তৃক আপত্তি বিষয়ে টিএমইডি এর সিদ্ধান্ত বাস্তবায়ন করে এর প্রমাণক টিএমইডি-তে প্রেরণের জন্য পত্র প্রেরণ হয়েছিল।

০২. উল্লেখ্য, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক আপত্তি নিম্নরূপ:

বিএসআর এর ক্র: নং	ডিআইএ এর আপত্তি	প্রতিষ্ঠান প্রধানের জবাব	ডিইও এর জবাব	ডিজি, ডিএমই এর সুপারিশ
১ (এ)	পরিদর্শনকালে কর্মরত সকল শিক্ষক-কর্মচারী শিক্ষাগত যোগ্যতার সনদ প্রদর্শন করেন। তবে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপস্থাপিত কম্পিউটার শিক্ষক জনাব মো: তৌহিদুল ইসলাম এর কম্পিউটার সনদটি যার সিরিয়াল নং ১৫২৯১ এবং রেজি: নং-১২৫৮৩ যাচাইয়ের জন্য পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পত্র যার স্মারক নং ডিআইএ/ফরিদপুর-২৫০৬-এম/ঢাকা-৩৭২৩/১ তারিখ ১৯/০২/২০১৫ জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমীতে প্রেরণ করা হলে নেকটার কর্তৃপক্ষ স্মারক নং নেকটার বগ/বে:প্র:/২১৭/৮৭-০২/অংশ(১১)-১৮১ তারিখ: ০৯ মার্চ ২০১৫ পত্র দ্বারা জানান যে, তার সনদপত্রটি জাল/ভুয়া। যেহেতু জনাব মো: তৌহিদুল ইসলাম এর সনদপত্রটি জাল/ভুয়া, তাই তার নিয়োগ বিধিসম্মত হয়নি এবং তৎকর্তৃক গৃহীত সরকারি বেতন ভাতা বাবদ ০১/০৯/২০০৫ হতে ৩১/১০/২০১৪ তারিখ পর্যন্ত মোট ৮,০৪,৬৪০/- টাকা সরকারি কোষাগারে ফেরৎযোগ্য।	অত্র মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মো: তৌহিদুল ইসলামকে সকল সরকারি বিধি বিধান অনুসরণ করে মাদ্রাসায় নিয়োগ প্রদান করা হয়। অত্র মাদ্রাসায় নবম শ্রেণিতে ০১/০১/২০০৪ খ্রি. তারিখ হতে কম্পিউটার বিভাগ অনুমোদিত এবং উক্ত শিক্ষক গত ১০/০২/২০০৪ খ্রি. তারিখে অত্র মাদ্রাসায় যোগদান করেন। মাদ্রাসা ম্যানেজিং কমিটি নিয়োগকালীন তার সনদপত্র যাচাই করেন। এ সময় দেখা যায় তিনি নট্রামস অনুমোদিত মডার্ন বহুভাষী স্যাটলিপি প্রশিক্ষণ একাডেমী, ধুনট, বগুড়া থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন। নট্রামস এর স্মারক নং-নট্রামস/বগ/২১৭/৮৭-২১৩০১(১১)-২১৬, তারিখ: ২৯/১২/২০০১ পত্র অনুযায়ী ১২/১২/২০০১ তারিখের পূর্ব পর্যন্ত সময়ে নট্রামস অনুমোদিত প্রতিষ্ঠান থেকে যে সনদ ইস্যু করা হয়েছে তা বৈধ। উক্ত শিক্ষক ২০০০ সনে সনদটি অর্জন করেন বিধায় তার সনদ বৈধ বিবেচনা করে নিয়োগ প্রদান করা হয়। এরপর বিধি অনুযায়ী গত ০১/০৯/২০০৫ সনে তিনি এমপিও ভুক্তি হন। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর গত ২৮/১২/২০০৫ তারিখে মাদ্রাসাটি নিরীক্ষা করেন। সে সময়ও তার সনদ সম্পর্কে উক্ত নিরীক্ষা টিম কোন আপত্তি উত্থাপন করেননি। এ থেকে প্রতীয়মান হয় যে, তার সনদটি সঠিক।	বিধি মোতাবেক বিবেচ্য।	এ বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত কামনা করা যেতে পারে।

০৩. উল্লেখিত পত্রে টিএমইডি'র নির্দেশনা মতে প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার কথা থাকলেও অদ্যাবধি (দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও) পাওয়া যায়নি যা সুস্পষ্ট সরকারি নির্দেশনা অমান্যের সামিল।

০৪. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত মতে সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মো: তৌহিদুল ইসলাম কর্তৃক গৃহীত ৮,০৪,৬৪০/- টাকা

সরকারি কোষাগারে জমা করে এর প্রমাণক এবং সে সাথে নিয়োগ বিধিসম্মত না হওয়ায় এমপিও থেকে নাম কর্তন করে প্রমাণক আগামী ১৪.১০.২০২১ তারিখের মধ্যে টিএমইডি-তে আবশ্যিকভাবে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে ২য় বারের মতো নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৩-৮-২০২১

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ  
গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম  
তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০৬৬.০১.২৮১.১৭-৮৮/১(৮)

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮  
২৩ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, শাহ হাবীব আলিম মাদ্রাসা, উপজেলা-মধুখালী, জেলা-ফরিদপুর।
- ৪) অধ্যক্ষ, , শাহ হাবীব আলিম মাদ্রাসা, উপজেলা-মধুখালী, জেলা-ফরিদপুর।
- ৫) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) অফিস কপি, মাষ্টার কপি।



২৩-৮-২০২১

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব